


# জবিতে উপাচার্য ভবনে তালা, চার দাবিতে বিক্ষোভ শিক্ষার্থীদের



ফাইল ছবি

জবি প্রতিনিধি

প্রকাশ: ০৯ মে ২০২৫ | ০২:০৭ | আপডেট: ০৯ মে ২০২৫ | ০৭:২৭



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বাজেট বাড়ানোসহ বিভিন্ন দাবিতে বৃহস্পতিবার উত্তাল ছিল ক্যাম্পাস। বিক্ষোভের একপর্যায়ে উপাচার্য ভবনে তালা লাগিয়ে দেন শিক্ষার্থীরা। এদিকে শিক্ষার্থীদের আবাসন ভাতা প্রদান ও জকসু নির্বাচনের দাবিতে গণভোটের আয়োজন করে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

চার দফা দাবি আদায়ে উপাচার্য ভবন ঘেরাও করেন শিক্ষার্থীরা। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী দুপুরে উপাচার্য ভবনে তালা লাগিয়ে দেন তারা। এ সময় উপাচার্য অধ্যাপক রেজাউল করিম ভবনেই ছিলেন এবং তিনি দাপ্তরিক কার্যক্রম চালিয়ে যান। কর্মসূচি শেষে দুপুর আড়াইটার দিকে তালা খুলে দেন শিক্ষার্থীরা। তারা অভিযোগ তোলেন, যুগ যুগ ধরে এই বিশ্ববিদ্যালয় বৈষম্যের শিকার। প্রশাসনের উচিত ছিল বৈষম্যের বিরুদ্ধে সোচ্চার হওয়া। প্রশাসন দাবি মেনে না নিলে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে। শিক্ষার্থী এ কে এম রাকিব বলেন, দাবি আদায়ে আগামী সপ্তাহে লংমার্চ করা হবে।

মঙ্গলবার চার দাবি জানান শিক্ষার্থীরা। সেগুলো হলো- ২০২৫-২৬ অর্থবছরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাজেট বাড়ানো এবং অন্তত ৭০ শতাংশ শিক্ষার্থীর জন্য আবাসন ভাতা অন্তর্ভুক্ত করা; দ্বিতীয় ক্যাম্পাস নির্মাণ এবং পুরান ঢাকায় ড. হাবিবুর রহমান হল ও বাণী ভবনের নির্মাণকাজ আগামী ১০ মের মধ্যে শুরু করা; বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতি ১৫ দিন অন্তর দ্বিতীয় ক্যাম্পাস ও হল নির্মাণ কার্যক্রমের অগ্রগতি মুক্তমঞ্চে ব্রিফ করার বাধ্যবাধকতা আরোপ; আগামী ১৫ মের মধ্যে কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপ ঘোষণা।

শিক্ষার্থীদের দাবির বিষয়ে উপাচার্য বলেন, দাবিগুলো যৌক্তিক। বাজেটসহ শিক্ষার্থীদের সুবিধা বাড়ানোর দাবি জানিয়ে আসছেন তিনিও